

B.A. 5<sup>th</sup> Semester (Honours) Examination, 2021 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course – DSE -1

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় - তিন ঘণ্টা

পূর্ণমান -৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৬X৫=৩০

- ক) ঊনবিংশ শতাব্দীর যে-কোনো একজন মহিলাকবির কবিতা অবলম্বনে তাঁর প্রেমভাবনার বিশিষ্টতার পরিচয় দাও।
- খ) মধুসূদনের 'চতুর্দশপদী কবিতাবলী' থেকে কোনো একটি কবিতা আশ্রয় করে গীতিকবিতার লক্ষণ দেখাও।
- গ) 'বৃন্দসংহার' কাব্যটির আখ্যান-বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- ঘ) ঊনিশ শতকে গীতিকবিতা রচনার অনুপ্রেরণার ইতিহাসটি সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) বঙ্কিমচন্দ্রের রম্যরসাত্মক প্রবন্ধের মূল বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- চ) বিদ্যাসাগরের মৌলিক গদ্যরচনার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ছ) রামমোহন ও বিদ্যাসাগর—কাকে কেন তুমি 'বাংলা গদ্যের জনক' বলে মনে করো তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- জ) গীতিকবি হিসাবে দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের স্থান নিরূপণ করো।
- ঝ) রাসসুন্দরী দেবীর গদ্যরচনার বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।
- ঞ) ঊনবিংশ শতাব্দীর পরে আখ্যানকাব্য আর রচিত হল না কেন সে বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩X ১০= ৩০

- ক) বাংলা আখ্যানকাব্যের উদ্ভব ও ক্রমবিকাশের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) ঊনবিংশ শতাব্দীর মধ্যে রচিত প্রবন্ধগ্রন্থগুলির আলোকে প্রাবন্ধিক রবীন্দ্রনাথের পরিচয় দাও।
- গ) 'মানসী' ও 'সোনার তরী' কাব্য-দুটি অবলম্বনে গীতিকবি রবীন্দ্রনাথের পরিচয় দাও।
- ঘ) ঊনবিংশ শতাব্দীর বস্তুবাদী ভাবধারা কীভাবে দ্বিজেন্দ্রলাল রায়ের কাব্যচিন্তাকে প্রভাবিত করেছে, তা তাঁর কবিতা অবলম্বনে আলোচনা করো।
- ঙ) অক্ষয়কুমার দত্তের প্রবন্ধসাহিত্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।